তারিখ 6 JUL 1996
পৃষ্ঠা ২ কলাম ৫

দৈনিক ইত্তেফাক

০1

# শিক্ষা ক্যাডারে ১২৫২ জন প্রভাষক নিয়োগ

সরকার বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের বিভিন্ন বিষয়ের প্রভাষক পদে ১২৫২ জনকে নিয়োগ প্রদান করিয়াছে। বাংলাদেশ সরকারী কর্ম-কমিশন কর্তৃক ১৬'শ বিসিএস

(২য় পৃ: ৫-এর কং দ্র:)

## শিক্ষা ক্যাডারে

(১ম পৃ: পর)

(বিশেষ) পরীক্ষা ১৯৯৪ এর ফলাফলের ভিত্তিতে কমিশনের সুপারিশক্রমে গত ৪ জুলাই এই নিয়োগ হয়। নিয়োগকৃত প্রার্থীদের আগামী ১৪ আগষ্টের মধ্যে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত কর্মস্থলে অথবা মন্ত্রণালয়ের কোন নির্দেশ না পাইয়া থাকিলে শিক্ষা মন্ত্রণালয়ে যোগদানের জন্য বলা হইয়াছে। নির্ধারিত তারিখের মধ্যে চাকুরীতে যোগদান না করিলে প্রার্থী চাকুরীতে যোগদান করিতে ইচ্ছুক নন বলিয়া ধরিয়া নেওয়া হইবে এবং প্রদত্ত নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

নিয়োগপত্র প্রার্থীদের দেওয়া যোগাযোগ ঠিকানায় রেজিষ্টি ডাকে পাঠানো হইতেছে। আগামী ৩১ জুলাইয়ের মধ্যে প্রার্থীরা তাহাদের দেওয়া ঠিকানায় নিয়োগপত্র না পাইলে কিংবা তাহাদের ঠিকানার পরিবর্তন হইলে প্রার্থীকে সংস্থাপন মন্ত্রণালয়ের নবনিয়োগ শাখার ৮৬৪৬৯৬ এবং ২৩৫১১১-১৯/৩৫৮৪ নম্বর টেলিফোনে যোগাযোগ করিতে বলা হইয়াছে। —তথ্য বিবরণী